মানুষ প্রভু যীশুকে ভালোবাসত এবং বিনিময়ে তিনি তাদের ভালোবাসতেন। একমাত্র মানুষ যারা নিয়মিতভাবে প্রভু যীশুকে অপছন্দ করত, তারা হল ইস্রায়েলের ধর্মীয় নেতাগণ। প্রভু যীশু প্রায়ই তাদের প্রতি কঠোর কথা বলতেন, কারণ তারা তাদের উদ্ভাবিত ব্যবস্থা এবং রীতিনীতি দিয়ে মানুষকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করছিল। প্রভু যীশু মানুষকে নিয়ন্ত্রণ করতে চাননি; তিনি তাদের মুক্তি দিতে চেয়েছিলেন। তিনি মানুষের কাছে অর্থও চাননি, যেমন ধর্মীয় নেতারা করেছিল, প্রভু যীশু তাদের হৃদয় চেয়েছিলেন।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. সুস্থ হওয়া মহিলার প্রতিক্রিয়া কী ছিল? সে সুস্থ হওয়ার পর প্রভু যীশুর প্রতি তার অনুভূতি কেমন ছিল বলে আপনার মনে হয়?
৩. প্রভু যীশুর প্রতি সমাজগৃহের অধ্যক্ষের প্রতিক্রিয়া কী ছিল? প্রভু যীশু সম্পর্কে তার মনোভাব কেমন ছিল বলে আপনার মনে হয়?
৪. প্রভু যীশু কীভাবে সমাজগৃহের অধ্যক্ষকে উত্তর দেন? তার সাথে প্রভু যীশুর কথাবার্তায় সেই ব্যক্তির হৃদয় কী প্রকাশ করে?
৫. কপটী কী? আপনি কি একটি উদাহরণ দিতে পারেন?
৬. জনসাধারণ কেন স্বীকার করল যে প্রভু যীশু “মহিমান্বিত কাজ” করছেন এবং ধর্মীয় নেতারা করেননি? এই সত্যটি উভয় গোষ্ঠী সম্পর্কে কী বলে?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন

এই পাঠ থেকে প্রভু যীশু সম্পর্কে আপনি কী শিখলেন?
আপনি কার মত বেশি ধর্মীয় নেতাদের নাকি সাধারণ লোকেদের?

---

অগ্রে অবলোকন করা

### প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৩১: দয়ালু শমরীয়ের দৃষ্টান্ত (লূক ১০:২৫-৩৭)

পূর্বে অবলোকন করা

## একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

## একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

## আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

## দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

## ভূমিকা - আপনি কীভাবে বিশ্বাসের মাধ্যমে ভালোবাসতে পারেন

ভালোবাসা পৃথিবীর সবচেয়ে বড় জিনিস—মানুষের সবচেয়ে বড় সুযোগ এবং ক্ষমতা। এই গল্পে একজন ব্যবস্থাবেত্তা সত্য কথা বলল যখন তিনি বলেছিন যে আমাদের ঈশ্বরকে এবং প্রতিবেশীকে আমাদের নিজের মতো করে ভালোবাসা উচিত। কিন্তু তারপর সে জিজ্ঞাসা করল, "আমার প্রতিবেশী কে?" প্রভু যীশু একটি গল্প বলার মাধ্যমে উত্তর দেন যেখানে একজন শমরীয় (ইহুদিদের দ্বারা ঘৃণিত এক জনগোষ্ঠী) একমাত্র ব্যক্তি একজন মানুষকে তার প্রচণ্ড প্রয়োজনে সাহায্য করে। কেবলমাত্র ঈশ্বরের শক্তি দ্বারা (প্রভু যীশু আমাদের যে শক্তি দেন) আমরা কি সত্যিই আমাদের প্রতিবেশীকে নিঃশর্তভাবে ভালোবাসতে পারি, ঠিক যেমন ঈশ্বর আমাদের ভালোবাসেন?

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. এই গল্পের শুরুতে প্রভু যীশুকে কোন প্রশ্ন জিজ্ঞাসা করা হয়েছিল?
৩. প্রভু যীশু কীভাবে লোকটিকে উত্তর দেন? এটি আমাদের বাইবেলের গুরুত্ব সম্পর্কে কী বলে?
৪. প্রভু যীশুকে ব্যবস্থাবেত্তার দ্বিতীয় প্রশ্ন জিজ্ঞাসা করায় তার হৃদয় কী প্রকাশ করে বলে আপনার মনে হয়?
৫. যে লোকটির সব কেড়ে নেওয়া হয়েছিল তাকে কারা সাহায্য করেনি? কেন আহত লোকটিকে সাহায্য করতে তারা ব্যর্থ হয়েছিল বলে আপনি মনে করেন?
৬. শমরীয় কীভাবে দেখিয়েছিল যে "সে তার প্রতিবেশীকে ভালোবাসে"? শমরীয়কে ভালোবাসার জন্য কী দাম দিতে হয়েছিল?
৭. আপনি এই সপ্তাহে যাদের প্রতি ভালোবাসা দেখাতে চান তাদের কি একটি তালিকা তৈরি করতে পারবেন? আপনার দলের অন্যদের মধ্যে কীভাবে আপনার দল ভালোবাসা প্রকাশ করতে পারবে?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

## উপসংহার - ভালোবাসা সম্পর্কে মনে রাখার জন্য পাঁচটি বিষয়

১. ঈশ্বর আমাদের নিঃশর্তভাবে ভালোবাসেন।
২. আমাদের আদেশ করা হয়েছে যেন অন্যকে ভালোবাসি।
৩. আমরা আমাদের নিজস্ব শক্তিতে ভালোবাসতে পারব না।
৪. আমরা ঈশ্বরের ভালোবাসায় ভালোবাসতে পারি।
৫. আমরা বিশ্বাস দ্বারা ভালোবাসি, ঠিক যেমন আমরা বিশ্বাসের দ্বারা প্রভু যীশুকে পেয়েছি।

---

অগ্রে অবলোকন করা

## প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।
একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।
আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৩২: বরতীময়ের সুস্থতা (লূক ১৮:৩৫-৪৩)

পূর্বে অবলোকন করা

## একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

## একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

## আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

## দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

## ভূমিকা

অন্ধ হলে কেমন হবে? সম্ভবত আপনি এমন কাউকে চেনেন যিনি অন্ধ। কখনও কখনও কোন জিনিসের জন্য তারা অন্যদের উপর নির্ভরশীল হয় যারা দেখা খুব স্বাভাবিক মনে করে। প্রভু যীশুর দিনে, অন্ধরা সাধারণত ভিক্ষুক ছিল। তারা কারও কাছ থেকে কমই সাহায্য পেত, এবং সাংস্কৃতিকভাবে, মানুষেরা মনে করত অন্ধরা অবশ্যই পাপ করার কারণে অন্ধ হয়েছে। আপনি যদি অন্ধ হন তাহলে আপনার জীবন কেমন হবে তা একবার ভেবে দেখুন। আপনার জীবন কীভাবে ভিন্ন হতে পারে?

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. অন্ধ লোকটি কী করে যখন সে শোনে যে প্রভু যীশু পাশ দিয়ে যাচ্ছেন? সে প্রভু যীশুকে চিৎকার করে কোন উপাধি দেয়? আপনি কেন মনে করেন যে সেটি তাৎপর্যপূর্ণ হতে পারে?
৩. প্রভু যীশু আদেশ দেন যেন অন্ধ লোকটিকে তাঁর কাছে নিয়ে আসা হয়। এটি প্রভু যীশুর হৃদয় সম্পর্কে কী প্রকাশ করে বলে আপনার মনে হয়?
৪. প্রভু যীশু অন্ধ লোকটিকে কী প্রশ্ন জিজ্ঞাসা করেন? সে কীভাবে সাড়া দেয়?
৫. লোকটি সুস্থ হওয়ার পর কীভাবে প্রভু যীশুর প্রতি তার কৃতজ্ঞতা ও ভালোবাসা দেখিয়েছিল?
৬. জনসাধারণের প্রতিক্রিয়া কেমন ছিল? সাধারণ লোকজন প্রভু যীশুকে নিয়ে কী বিশ্বাস করেছিল বলে আপনার মনে হয়?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

## প্রয়োগমূলক প্রশ্ন

যদি প্রভু যীশু এই মুহূর্তে আপনার সামনে দাঁড়িয়ে থাকেন, তাহলে আপনি তাঁকে আপনার জন্য কী করতে বলবেন?

---

## প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

অগ্রে অবলোকন করা

# অংশ ৩৩: প্রভু যীশু এবং সক্কেয় (লূক ১৯:১-১০)

পূর্বে অবলোকন করা

## একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

## একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

## আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

## দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

উর্দ্ধে অবলোকন করা

## ভূমিকা

খ্রীষ্টিয়ানিটি হল একমাত্র পথ যার দ্বারা মানুষ নিজের প্রচেষ্টা অথবা ভালো কাজের মাধ্যমে পরিত্রাণ উপার্যন করে না। অন্য সব ধর্মে পরিত্রাণের জন্য কিছু না কিছু কাজের প্রয়োজন হয় যা মানুষকে অবশ্যই করতে হয়। তবে খ্রীষ্টিয়ানিটিতে কাজের জায়গা আছে বটে। পরিত্রাণ পাওয়ার পর সেই কাজগুলি খ্রীষ্টিয়ানদের জীবনের একটি অংশ হয়, তার আগে নয়। খ্রীষ্টিয়ানরা যে ভালো কাজ করে তা তাদের পরিবর্তিত জীবনের ফল।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. সক্কেয় প্রভু যীশু সম্পর্কে কী বিশ্বাস করেছিলেন বলে আপনার মনে হয়? আপনি কী মনে করেন তিনি প্রভু যীশুকে দেখার জন্য কেন গাছে উঠেছিলেন?
৩. আপনি কী মনে করেন কেন প্রভু যীশু নিজেকে সক্কেয়র বাড়িতে আমন্ত্রণ করেছিলেন?
৪. জনসাধারণ প্রভু যীশুর প্রতি কেমন প্রতিক্রিয়া দেখিয়েছিল যখন তিনি সক্কেয়র বাড়িতে যাচ্ছেন বলেছিলেন? তারা এমনভাবে প্রতিক্রিয়া কেন জানায় বলে আপনি মনে করেন?
৫. সক্কেয় কীভাবে প্রকাশ করেন যে তিনি প্রভু যীশুকে বিশ্বাস করতে এসেছেন? তিনি তাঁর জীবনে কোন পরিবর্তন আনতে চান?
৬. প্রভু যীশু তাঁর পৃথিবীতে আসার উদ্দেশ্য নিয়ে কী বলেন? তিনি তাঁর পরিচর্যা কাজ বর্ণনা করার জন্য কোন শব্দ ব্যবহার করেন?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

## প্রয়োগমূলক প্রশ্ন

কোন কোন উপায়ে প্রভু যীশুর উপর বিশ্বাস করে আপনার জীবনের প্রতি দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হয়েছে? আপনি কি কিছু উদাহরণ বলতে পারেন?

---

অগ্রে অবলোকন করা

## প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৩৪: প্রভু যীশু তাঁর মৃত্যু ও পুনরুত্থানের ভবিষ্যদ্বাণী করেন (লূক ১৮:৩১–৩৪)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন

– একে অপরের জন্য প্রার্থনা করুন
– আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন

– গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
– আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

– যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
– যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা

– অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা

যখন বিখ্যাত ব্যক্তিদের জীবনী (জীবন সম্পর্কে রিপোর্ট) লেখা হয়, প্রায়ই তাঁদের মৃত্যুর কথা খুব সামান্যই বলা হয়। বেশিরভাগ জীবনী আলোকপাত করে যে তাঁরা কে ছিলেন এবং বিখ্যাত হওয়ার জন্য তাঁরা কী করেছিলেন। প্রভু যীশু অবশ্য মৃত্যুবরণ করতে এসেছিলেন। সেটিই ছিল তাঁর পরিচর্যা কাজ। সুতরাং, এটিতে আমাদের অবাক হওয়া উচিত নয় যে প্রতিটি সুসমাচারে (মথি, মার্ক, লূক এবং যোহনের পুস্তক) প্রভু যীশুর মৃত্যুকে ঘিরে পরিস্থিতি সম্পর্কে অনেক লেখা আছে। এই অনুচ্ছেদে প্রভু যীশু আবার তাঁর আসন্ন মৃত্যু ও পুনরুত্থান সম্পর্কে ভবিষ্যদ্বাণী করেছেন।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।

ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।

ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।

ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. এটি আসলে তৃতীয়বার যখন প্রভু যীশু শিষ্যদের কাছে মৃত্যুর পূর্বাভাস দিয়েছেন। কেন আপনি মনে করেন প্রভু যীশু বার বার শিষ্যদের বলছেন যে তাঁর কী হতে চলেছে?
৩. এটি প্রভু যীশু সম্পর্কে কী বলে যে তিনি জানতেন ঘটনার আগে যে কীভাবে এবং কখন তিনি মারা যাবেন?
৪. যদি প্রভু যীশু জানতেন যে তিনি কীভাবে মারা যাবেন এবং তিনি হলেন ঈশ্বরের পুত্র, তিনি কেন এটি এড়াতে পদক্ষেপ নেননি?
৫. তাঁর মৃত্যুর পর, প্রভু যীশু যখন মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত হন, তখন তাঁর সম্পর্কে কী বলা হবে?
৬. কেন আপনি মনে করেন প্রভু যীশু তাঁর আসন্ন মৃত্যু ও পুনরুত্থান সম্পর্কে যা বলেছিলেন তা শিষ্যদের থেকে লুকানো ছিল?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন

প্রভু যীশু জানতেন যে আমাদের পাপের শাস্তি পরিশোধ করার জন্য তাঁকে মরতে হবে। আমাদের তাঁর ভালোবাসার কারণে তিনি এটি করতে পুরোপুরি ইচ্ছুক ছিলেন। কোন কোন উপায়ে আপনি অন্যদের চাহিদাগুলোকে আপনার নিজের প্রয়োজনের চেয়ে এগিয়ে রাখতে পারেন?

আপনি আপনার বন্ধু অথবা পরিবারের মধ্যে কাকে চেনেন যার আরও স্পষ্টভাবে বোঝা প্রয়োজন যে প্রভু যীশু কে এবং তিনি তাদের জন্য কী করেছিলেন? আপনি এই সপ্তাহে কী করতে পারেন যাতে এটি আরও ভালোভাবে বুঝতে তাদের সাহায্য করতে পারেন?

### প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা

– আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
– আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।
– আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।

অগ্রে অবলোকন করা

# অংশ ৩৫: প্রভু যীশুর বিজয়ী প্রবেশ (লূক ১৯:২৮-৪০)

পূর্বে অবলোকন করা

## একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

## একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

## আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

## দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

## ভূমিকা

একজন রাজা কেমন হয়? তাঁর ক্ষমতা আছে, কর্তৃত্ব আছে, এমন লোকজন আছে যারা তাঁর সেবা করে এবং তিনি যা কিছু চান তা করার ক্ষমতা আছে। কিন্তু লক্ষ্য করুন প্রভু যীশু একজন রাজা হিসাবে কতটা আলাদা! তিনি তাঁর প্রজাদের অভাবগুলোকে অগ্রাধিকার দেন এবং সবকিছুর ঊর্ধ্বে তাদের সুখ এবং আশীর্বাদ চান। বর্তমানে, প্রভু যীশু তাঁর অনুগামীদের হৃদয়গুলোতে শাসন করেন এবং শেষ পর্যন্ত, তিনি এমন একটি রাজ্য শাসন করবেন যা চিরকাল স্থায়ী হবে। এই অনুচ্ছেদে, প্রভু যীশু সখরিয় ৯:৯-এর ভবিষ্যদ্বাণী পূর্ণ করেন। আপনার দলের জন্য সেই পদটি উচ্চস্বরে পড়ুন।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. গাধাটি ঠিক কোথায় থাকবে তা যে প্রভু যীশু জানতেন সে সম্পর্কে কী প্রকাশ পাচ্ছে বলে আপনি মনে করেন? আপনি যদি গাধার মালিক হতেন তাহলে কী ভাবতেন?
৩. কেন শিষ্যরা আনন্দিত হয়েছিলেন এবং প্রভু যীশুর বিষয় ঈশ্বরের প্রশংসা করেছিলেন? এই শিষ্যরা প্রভু যীশু সম্পর্কে কী বিশ্বাস করেছিলেন বলে আপনি মনে করেন?
৪. ফরীশীদের প্রতিক্রিয়া কী ছিল? কেন তারা এরকম প্রতিক্রিয়া করেছিলেন? কেন তারা জনসাধারণের সাথে আনন্দ করছিল না?
৫. প্রভু যীশু কী বোঝাতে চাইছিলেন যখন তিনি ধর্মীয় নেতাদের বলেন যে, মানুষ যদি চুপ করে থাকে, তাহলে পাথরগুলি তাঁর প্রশংসা করে চিৎকার করবে?
৬. তাদের সংস্কৃতিতে, কারো আগে খেজুর ডাল এবং কাপড় ছড়িয়ে দেওয়া ছিল রাজকীয়তার জন্য সংরক্ষিত একটি উচ্চ সম্মান। তারা প্রভু যীশুর সাথে কেমন আচরণ করছিল সে সম্পর্কে এটি আমাদের কী বলতে পারে?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

## প্রয়োগমূলক প্রশ্ন

আপনি যখন প্রভু যীশুর কথা মনে করেন তখন আপনি কিভাবে প্রতিক্রিয়া দেখান? আপনি কি সত্যি করে তাঁকে আপনার প্রভু এবং রাজা হিসাবে স্বীকৃতি দেন? আপনার জীবনের এমন কোনও ক্ষেত্র আছে যা আপনি প্রভু যীশুর কাছে সম্পূর্ণভাবে সমর্পন করেননি? যদি তাই হয়, তাহলে আপনাকে কী করার থেকে বিরত রাখছে?

---

অগ্রে অবলোকন করা

## প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৩৬: প্রভু যীশু যিরুশালেমের জন্য কাঁদেন (লূক ১৯:৪১–৪৪)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন
– একে অপরের জন্য প্রার্থনা করুন
– আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন
– গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
– আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন
– যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
– যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা
– অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা
এই পৃথিবীতে শান্তি খুঁজে পাওয়া খুব কঠিন হতে পারে। জীবনের চাহিদা, অন্যদের সাথে আমাদের সম্পর্কের ক্ষেত্রে যেসব সমস্যার সম্মুখীন হই এবং পাপী পতিত পৃথিবীতে বাস করার সময় আমরা যে কষ্ট ভোগ করি তা আমাদের শান্তি কেড়ে নিতে পারে। এই অনুচ্ছেদে, প্রভু যীশু ইস্রায়েল জাতি সম্পর্কে শোক প্রকাশ করেছেন (এখানে যেটিকে যিরুশালেম শহরের দ্বারা চিহ্নিত করা হয়েছে) যে শান্তি পাবে না কারণ তারা তাঁকে প্রত্যাখ্যান করেছে।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. কেন প্রভু যীশু যিরুশালেম দেখে কেঁদেছিলেন বলে আপনার মনে হয়? তাঁর কান্না মানুষের জন্য তাঁর হৃদয় সম্পর্কে কী প্রকাশ করে?
৩. ৪২ পদে প্রভু যীশু কী বলেছিলেন যে যিরুশালেম. অনুভব করত যদি তারা তাঁকে বিশ্বাস করত? কেন এটি তাৎপর্যপূর্ণ?
৪. যিরুশালেমের অবিশ্বাস তাদের হৃদয়কে ঈশ্বরের বিষয়ের প্রতি কঠোর করে তুলেছিল, তাই তারা প্রভু যীশুকে —মশীহকে তাদের ঠিক সামনে দেখতে পেল না। এমন কিছু বিষয় কী যা আমাদের হৃদয়কে কঠিন করতে পারে?
৫. আপনার জীবনে শান্তি থাকার অর্থ কী? এমন কিছু উপায় কী যাতে মানুষ তাদের জীবনে শান্তি খোঁজার চেষ্টা করে?
৬. যিরুশালেমে কী ঘটতে যাচ্ছে বলে প্রভু যীশু বলেন? কেন প্রভু যীশু বলছেন যে এটি ঘটতে যাচ্ছে?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন
আপনি কি কখনো আপনার জীবনে সন্দেহ অথবা অবিশ্বাসের সম্মুখীন হয়েছেন? আপনি কি এর একটি উদাহরণ বলতে পারেন?
খ্রীষ্টিয়ানরা তাদের বিশ্বাসকে দৃঢ়তার সাথে বৃদ্ধি পেতে সাহায্য করার জন্য কী করতে পারে?
আপনি কি আপনার নিজের জীবন থেকে কিছু উদাহরণ বলতে পারেন?

---

অগ্রে অবলোকন করা

### প্রয়োগ
আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
– আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
– আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
– আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৩৭: প্রভু যীশু মুদ্রা বিনিময়কারীদের তাড়িয়ে দেন (লূক ১৯:৪৫-৪৮)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা

পবিত্র শাস্ত্রে, প্রভু যীশু অন্য কোন বিষয়ের চেয়ে বেশি ঘন ঘন অর্থ সম্পর্কে কথা বলতেন। এটি সম্ভবত কারণ প্রভু যীশু জানতেন যে অর্থ আমাদের দৈনন্দিন জীবনের জন্য একটি প্রয়োজনীয়তা। কিন্তু এটি একটি চমৎকার নির্দেশক যে আমাদের মূল্যবোধ কোথায় অবস্থিত। এটি দুর্ভাগ্যজনক যে ধর্ম এবং অর্থের একটি কঠিন ইতিহাস আছে। যদিও অর্থের মধ্যে নৈতিকভাবে কিছু ভুল নেই, অনেক ধর্মই যতটা সম্ভব অর্থ তাদের অনুগামীদের কাছ থেকে পাওয়ার চেষ্টা করে। এটিও দুর্ভাগ্যজনক যে অনেক ধর্মীয় নেতা প্রায়ই তাদের অনুগামীদের কাছ থেকে সংগৃহীত অর্থ ব্যক্তিগতভাবে বিলাসবহুল জীবনযাপনের জন্য ব্যবহার করেন। প্রভু যীশু এই গল্পে আমাদের দেখান যে যারা ধর্ম থেকে অর্থ উপার্জন করতে চায় তাদের সম্পর্কে তিনি কেমন অনুভব করেন। এখানে তিনি রাগান্বিত যে তারা মন্দিরের, ঈশ্বরের গৃহের, লোকদের কাছে থেকে সুবিধা নিচ্ছে।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. এটি প্রভু যীশু সম্পর্কে কী বলে যেহেতু যারা মন্দিরে ব্যবসা করছে তাদের উপর তিনি রাগ করেছিলেন?
৩. মন্দির কেমন হওয়া উচিত বলে প্রভু যীশু বলেন? এর অর্থ কী বলে আপনি মনে করেন?
৪. আপনি কেন মনে করেন যে প্রভু যীশু মন্দিরে নৈবেদ্য বিক্রি করতে আপত্তি করেছিলেন?
৫. মন্দিরে যারা নৈবেদ্য বিক্রি করছিল তাদের প্রভু যীশু কীভাবে বর্ণনা করেছিলেন? তিনি তাদের এইভাবে উল্লেখ করেন কেন বলে আপনি মনে করেন?
৬. কেন আপনি মনে করেন যে ধর্মীয় নেতারা প্রভু যীশুকে হত্যা করতে চেয়েছিল? এটি করার উপায় খুঁজতে কেন তাদের কষ্ট হচ্ছিল?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন

আপনার জীবনের এমন কোন ক্ষেত্র কি আছে যেখানে আপনি অন্য ব্যক্তির সুবিধা নিচ্ছেন?
যদি তাই হয়, পরিস্থিতি পরিবর্তনের জন্য আপনাকে কী করতে হবে?
খ্রীষ্টের সাথে আমাদের সম্পর্কের ক্ষেত্রে প্রার্থনাকে সর্বোচ্চ অগ্রাধিকার হিসাবে রাখতে সাহায্য করার জন্য আমরা কোন কোন কাজ করতে পারি?

---

অগ্রে অবলোকন করা

### প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।
একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।
আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।
প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৩৮: বিধবার দান (লূক ২১:১-৪)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন
- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন
- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন
- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা
- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

## ভূমিকা - আপনি কীভাবে দান করার দুঃসাহসিকতা উপভোগ করতে পারেন

ঈশ্বর বিধবা এবং অনাথদের ভালোবাসেন। প্রভু যীশুর দিনে, বিধবারা সাধারণত সবচেয়ে দরিদ্র মানুষদের মধ্যে ছিল। এই গল্পে, আমরা একজন বিধবাকে খুঁজে পাই যে তার সর্বস্ব ঈশ্বরের কাছে নৈবেদ্য হিসাবে দান করে! সে ধনাধ্যক্ষতা নামে একটি ধারণাকে প্রদর্শন করেছে। এটি একটি বিশ্বাস যে আমাদের যা কিছু আছে তা ঈশ্বরের এবং আমরা কেবল ঈশ্বরের সম্পদের "ম্যানেজার"। আপনার জীবনটিও ধনাধ্যক্ষতা প্রদর্শন করতে পারে। বিশ্বাসের মাধ্যমে দান করাকে ঈশ্বর একটি উত্তেজনাপূর্ণ বিশেষাধিকার বলে বোঝান। যখন আপনি ধনাধ্যক্ষতার প্রতি আপনার অঙ্গীকার এবং বাধ্যতার মাধ্যমে ঈশ্বরকে সম্মান করেন, তখন তিনি আপনার উপর আনন্দ বর্ষণ করেন। তিনি আপনার দানকে খ্রীষ্টীয় জীবনযাপনে একটি রোমাঞ্চকর উত্তেজনায় পরিণত করেন।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. আপনি কি মনে করেন গরীবদের চেয়ে ধনী ব্যক্তিদের পক্ষে অর্থ দান করা সহজ?
৩. বিধবা তার জীবনযাপনের জন্য থাকা সবকিছু কেন দিলেন? এটি তার ঈশ্বরের উপর তার ব্যক্তিগত বিশ্বাস সম্বন্ধে আমাদেরকে কী বলে?
৪. কেন আপনি মনে করেন প্রভু যীশু অর্থ এবং ধনীদের কথা বলতে এত সময় ব্যয় করেছেন?
৫. এমন একটি উপায় বলুন যাতে শয়তান আপনাকে কম দিতে প্রলুব্ধ করতে পারে? সুনির্দিষ্ট হোন। আপনি কীভাবে ভবিষ্যতে এই প্রলোভন হয়ত কাটিয়ে উঠতে পারবেন?
৬. আপনার দলে, সেই বিভিন্ন উপায় তালিকাভুক্ত করুন যার মাধ্যমে উভয় বস্তুগত এবং অ-বস্তুগত উপায়ে আপনার প্রাচুর্যতাকে অন্যদের সাথে ভাগ করতে পারেন?
৭. আপনি কি মনে করেন যে প্রভু যীশু আশা করেন যে গরিবরাও গির্জায় অর্থ দেবে?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

## উপসংহার

আমাদের যা কিছু আছে, আমাদের আছে কারণ ঈশ্বর এটি আমাদের জন্য প্রদান করেছেন। সুতরাং আমাদের যা কিছু আছে তা সবই তাঁর। "বিশ্বস্ত ধনাধ্যক্ষ" হিসাবে আমাদের কাজ হল তাঁর নামে সর্বাধিক গৌরব আনার জন্য সেই আশীর্বাদগুলি পরিচালনা করা। যখন আমরা নিজেদের এবং আমাদের সম্পদ থেকে অবাধে দান করি, তখন আমরা খ্রীষ্টের উপর আমাদের আধ্যাত্মিক নির্ভরতা প্রকাশের একটি উপাদান তৈরি করি। ঈশ্বর আমাদের প্রয়োজন জানেন এবং তিনি চান যেন আমরা তাঁর উপর আস্থা রাখি যে তিনি দেবেন। ফিলিপির খ্রীষ্টিয়ানদের উদ্দেশ্যে প্রেরিত পৌল লিখেছেন: "আর আমার ঈশ্বর গৌরবে খ্রীষ্ট যীশুতে স্থিত আপন ধন অনুসারে তোমাদের সমস্ত প্রয়োজনীয় উপকার পূর্ণরূপে সাধন করিবেন" (ফিলিপীয় ৪:১৯)। বিশ্বাসের দ্বারা, ঈশ্বর আমাদের সমস্ত প্রয়োজন প্রদান করেন যখন আমরা তাঁর উপর আস্থা রাখি এবং উদারভাবে দান করি।

---

অগ্রে অবলোকন করা

## প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৩৯: প্রধান যাজকগণ, অধ্যাপকগণ, ও প্রাচীনবর্গ প্রভু যীশুর কর্তৃত্বকে প্রশ্ন করেন (লূক ২০:১-৮)

পূর্বে অবলোকন করা

## একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

## একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

## আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

## দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

## ভূমিকা

আমাদের আজকের পৃথিবীতে, মানুষ এমন কিছু বলে যা তারা জানে যে সেটি সত্যি কিনা অথবা সেটি সত্যি বলে বিশ্বাসও করে না। ধর্মগুলি এমন জিনিস শিক্ষা দিয়ে একই কাজ করে যা সত্য প্রমাণিত হতে পারে না। উদাহরণস্বরূপ, যদি আপনি বিশ্বাস করেন যে গরু পবিত্র, আপনি কীভাবে জানেন যে এটি সত্য? এই বিশ্বাস কোথা থেকে আসে? যদি এটি একটি বই থেকে পাওয়া যায়, আপনি কীভাবে জানেন যে বইটি নির্ভরযোগ্য? প্রভু যীশু হলেন ধর্মীয় নেতাদের মধ্যে অনন্য কারণ তাঁর কথাগুলি তাঁর চরিত্র, তাঁর শিক্ষা, তাঁর আশ্চর্য কাজ এবং মৃতদের মধ্য থেকে পুনরুত্থান দ্বারা সত্য বলে প্রমাণিত হয়েছে।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. প্রভু যীশুকে ধর্মীয় নেতাদের প্রশ্ন করার সময় আপনি তাদের মনোভাবকে কীভাবে বর্ণনা করবেন? এটি আমাদের তাঁদের হৃদয় সম্পর্কে কী বলে?
৩. তারা প্রভু যীশুকে কী প্রশ্ন করেছিল? আপনি কেন মনে করেন যে তারা তাঁকে এই প্রশ্ন করেছিল?
৪. প্রভু যীশু ধর্মীয় নেতাদের একটি প্রশ্নের দ্বারা উত্তর দিয়েছিলেন। তিনি তাঁদের কী প্রশ্ন করেছিলেন? আপনি কেন মনে করেন যে তিনি তাঁদের সেভাবে উত্তর দেওয়া বেছে নিয়েছিলেন?
৫. ধর্মীয় নেতারা কেন বিশ্বাস করেননি যে যোহন বাপ্তাইজক ঈশ্বরের দ্বারা প্রেরিত? এটি থেকে তাঁদের হৃদয় কী প্রকাশ করে বলে আপনি মনে করেন?
৬. আপনি কী মনে করেন যে প্রভু যীশু কোথা থেকে আশ্চর্য কাজ করার এবং শিক্ষা দেওয়ার কর্তৃত্ব পেয়েছিলেন? এটি তাঁর সম্পর্কে কী বলে?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

## প্রয়োগমূলক প্রশ্ন

আপনি কি আপনার জীবনের এমন কোন ক্ষেত্রের কথা ভাবতে পারেন যা আপনি প্রভু যীশুর কাছে সম্পূর্ণরূপে সমর্পণ করেননি? যদি তাই হয়, কী আপনাকে তাদের কাছে আত্মসমর্পণ করতে রাজি করতে পারে?

---

অগ্রে অবলোকন করা

## প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৪০: দাক্ষাক্ষেত্র এবং কৃষকদের দৃষ্টান্ত (লূক ২০:৯–১৯)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন

– একে অপরের জন্য প্রার্থনা করুন
– আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন

– গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
– আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

– যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
– যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা

– অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা

জাতি হিসাবে ইস্রায়েল ছিল ঈশ্বরের মনোনীত প্রজা। প্রভু যীশু যখন মশীহ রূপে এসেছিলেন, তারা তাঁকে শিক্ষা দিতে শুনেছিল, তারা তাঁর চরিত্র দেখেছিল এবং তারা তাঁকে আশ্চর্যকাজগুলি করতে দেখেছিল। তিনি যখন গাধায় চড়ে যিরুশালেমের মধ্যে দিয়ে যাচ্ছিলেন তারা তাঁকে রাজা হিসাবে প্রশংসা করেছিল, কিন্তু মাত্র কয়েকদিনের মধ্যে, তাদের ধর্মীয় নেতারা জনগণকে তাঁকে প্রত্যাখ্যান করতে পরিচালিত করেছিল। এটি ঘটতে যাচ্ছে জেনেও, এই অংশে, প্রভু যীশু একটি দ্রাক্ষাক্ষেত্রের (যেখানে আঙ্গুর ফলে) মালিক এবং কৃষকদের সম্পর্কে একটি গল্প বলেন। এই গল্পের মাধ্যমে, প্রভু যীশু তাঁকে প্রত্যাখ্যান করার পরিণতি সম্পর্কে সতর্ক করেন।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. এই দৃষ্টান্তের অর্থ কী বলে আপনি মনে করেন? প্রভু যীশু কার কথা বলছেন?
৩. যারা মালিকের ছেলেকে হত্যা করেছিল তাদের পরিণামের বিষয় প্রভু যীশু কী বলেছিলেন?
৪. প্রভু যীশু প্রায়ই পুরাতন নিয়মের অংশ উদ্ধৃতি করেন যা মশীহকে উল্লেখ করে। কেন আপনি মনে করেন তিনি এই কাজ করেন? এটি আমাদের প্রভু যীশু সম্পর্কে কী বলে?
৫. প্রভু যীশু কী উল্লেখ করছেন বলে আপনি মনে করেন যখন তিনি বলেছিলেন যে পাথরটি প্রত্যাখ্যাত হয়েছিল সেটিই সব থেকে গুরুত্বপূর্ণ পাথরে পরিণত হয়েছিল?
৬. লূক ২০:১৯ পড়ুন। ইহুদি নেতাদের প্রতিক্রিয়া কী ছিল? তারা যা করতে চেয়েছিল তা করতে তাদেরকে কী বাধা দিয়েছিল?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন

প্রভু যীশু ইহুদি নেতৃবৃন্দের কাছ থেকে প্রত্যাখ্যানের সম্মুখীন হন। প্রত্যাখ্যানের অনুভূতিগুলি আপনি কীভাবে মোকাবিলা করেন?
আপনি যখন প্রত্যাখ্যান অনুভব করেন তখন প্রভু যীশু কীভাবে আপনাকে সাহায্য করতে পারেন?

---

অগ্রে অবলোকন করা

### প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
– আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
– আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
– আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৪১: কৈসরকে কর দেওয়া (লূক ২০:২০-২৬)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা

প্রভু যীশুর পরিচর্যামূলক কাজের সময়, ইস্রায়েল জাতি রোমানদের দ্বারা শাসিত হয়েছিল। শৃঙ্খলা বজায় রাখা এবং কর আদায়ের জন্য একজন দায়িত্বপ্রাপ্ত গভর্নর ছিলেন কিন্তু ইহুদিদের নিজস্ব রাজা দেওয়া হয়েছিল যিনি দেশ পরিচালনা করতে সাহায্য করতেন (রাজা হেরোদ ছিলেন এমন একজন রাজা)। ইহুদিরা রোমীয়দের কর দিতে ঘৃণা করত কারণ তারা ইহুদি ছিল না (তারা ছিল "পরজাতি" অর্থাৎ "অইহুদি"), এবং যেহেতু রোমানরা ইহুদিদের বশীভূত রাখতে তাদের দেওয়া কর ব্যবহার করত।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. ইহুদি নেতারা প্রভু যীশুকে ফাঁদে ফেলার জন্য এখানে কোন নতুন উপায় ব্যবহার করেন? এটি তাঁদের প্রভু যীশুকে হত্যা করার ইচ্ছা সম্পর্কে কী দেখায়?
৩. আমরা এমন কাউকে কী বলে ডাকব যে এমন কিছু হওয়ার ভান করে যা তারা নয়? আপনি কি মনে করেন এটি সর্বত্র মানুষের মধ্যে প্রচলিত? যদি তাই হয়, কেন?
৪. প্রভু যীশু জানতেন ধর্মীয় নেতারা তাঁকে ফাঁদে ফেলার চেষ্টা করছেন? এটি তাঁর সম্পর্কে কী বলে যে তারা তাঁকে ভয় দেখাতে পারেনি?
৫. কীভাবে প্রভু যীশু তাদের প্রশ্নের উত্তর দেন? আপনি কী মনে করেন তিনি যে প্রশ্নটি তাদের কাছে জিজ্ঞাসা করেছেন তার অর্থ কী?
৬. আপনি কেন মনে করেন ধর্মীয় নেতারা প্রভু যীশুকে প্রশ্ন দিয়ে আটকাতে পারেননি?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন

আপনার জীবনের এমন কোন ক্ষেত্র কি আছে যেখানে আপনি এমন কিছু হওয়ার ভান করেন যা আপনি নন? যদি তাই হয়, এই মুহূর্তে সেগুলি ঈশ্বরের কাছে স্বীকার করুন। তিনি চান যেন আমরা নিজেদের সম্পর্কে সম্পূর্ণ সৎ হই।

---

অগ্রে অবলোকন করা

### প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৪২: শেষ নৈশভোজ (লূক ২২:১৪–২৩)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন

- একে অপরের জন্য প্রার্থনা করুন
- আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন

- গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
- আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

- যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
- যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা

- অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা

নিস্তারপর্ব ছিল একটি ইহুদি উৎসব যা ঈশ্বরের দ্বারা পুরাতন নিয়মে প্রতিষ্ঠিত হয়েছিল। এটি ইহুদিদের জন্য একটি বিশেষভাবে পবিত্র ঘটনা যা সেই সময়কে স্মরণ করে যখন ঈশ্বর তাদের শারীরিক মৃত্যুর মহামারি থেকে রক্ষা করেছিলেন এবং মিশরের দাসত্ব থেকে তাদের বের করে আনেন। শেষ নৈশভোজ পুরাতন নিয়মের নিস্তারপর্বের উৎসব যা পালন করা হয়েছিল তার পূর্ণতা এনেছিল। তাঁর শিষ্যদের সাথে শেষ নৈশভোজে, প্রভু যীশু নিস্তারপর্বের সাথে সম্পর্কিত দুটি প্রতীক নিয়েছিলেন এবং তাদের নতুন অর্থ দিয়েছিলেন। রুটি এবং দ্রাক্ষারস আমাদের তাঁর আত্মত্যাগকে স্মরণ করতে সাহায্য করে, যা আমাদের আত্মিক মৃত্যু থেকে রক্ষা করে এবং আমাদের আত্মিক বন্ধন থেকে উদ্ধার করে।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. আপনি কেন মনে করেন প্রভু যীশু এই শেষ ভোজটি ১২জন শিষ্যদের সাথে ভাগ করতে চেয়েছিলেন?
৩. এই গল্পে প্রভু যীশু দুবার "ঈশ্বরের রাজ্য" উল্লেখ করেছেন। তিনি কিসের প্রতি ইঙ্গিত করছেন বলে আপনার মনে হয়?
৪. রুটি কিসের প্রতীক? দ্রাক্ষারস কিসের প্রতীক? সেই দুটি কোন ঘটনার প্রসঙ্গে দেওয়া হয়?
৫. শিষ্যরা ভবিষ্যতে যখন রুটি এবং দ্রাক্ষারস গ্রহণ করবেন তখন তাঁদের কী করতে হবে বলে প্রভু যীশু বলেন?
৬. একজন শিষ্য তাঁর প্রতি কী করতে যাচ্ছেন বলে প্রভু যীশু বলেন? প্রভু যীশুর পক্ষে এই বিষয় কথা বলা কতটা কঠিন ছিল বলে আপনি মনে করেন?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন

আপনি কতবার ব্যক্তিগতভাবে খ্রীষ্টের মৃত্যু নিয়ে চিন্তা করেন এবং মনে রাখার জন্য সময় নেন?
আপনি কি কখনও কারো দ্বারা প্রতারিত হয়েছেন? এটি আপনার কেমন লেগেছিল?
আপনি কি মনে করেন প্রভু যীশুও একইভাবে অনুভব করেছিলেন?

---

### প্রয়োগ

অগ্রে অবলোকন করা

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
- আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
- আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
- আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৪৩: উপরের কুঠরির শিক্ষা (লূক ২২:২৬–৩৮)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন

– একে অপরের জন্য প্রার্থনা করুন
– আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন

– গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
– আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

– যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
– যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা

– অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা

প্রত্যেকের স্বাভাবিক প্রবৃত্তি হল প্রথম হওয়া; কেউ শেষ হতে চায় না। প্রভু যীশু অবশ্য এই চিন্তার ধরন উল্টে দেন। প্রভু যীশু বলেছেন যে আপনি যদি প্রথম হতে চান তাহলে আপনাকে অবশ্যই অন্যদেরকে প্রথমে রাখতে হবে। অনেক মানুষ নেতা হতে চায়, কিন্তু খুব কম লোকই সেবা করতে চায়। প্রভু যীশু আবার এটি উল্টে দেন এবং বলেন যে আপনি যদি একজন প্রকৃত নেতা হতে চান, তাহলে আপনাকে অবশ্যই অন্যদের সেবা করতে শিখতে হবে। প্রভু যীশু ঠিক এগুলিই পালন করেছেন। তিনি ক্রমাগত অন্যদের অগ্রাধিকার দিয়েছিলেন এবং তিনি আমাদের জন্য তাঁর জীবন দিয়ে চূড়ান্ত দাস হয়েছিলেন যেন আমরা রক্ষা পেতে পারি।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. প্রভু যীশুর জীবন কীভাবে একজন ব্যক্তির উদাহরণ হতে পারে যিনি ছিলেন একজন পরিচর্যাকারী? তাঁর জীবন থেকে কিছু কিছু উদাহরণগুলো কী কী?
৩. আপনি কি পরিচর্যাকারী হওয়াকে দ্বন্দ্ব বলে মনে করেন? আপনার একজন পরিচর্যাকারী হতে কেমন লাগতে পারে?
৪. আপনি কেন মনে করেন যে প্রভু যীশু পিতরকে বলবেন যে শয়তান তাঁকে আক্রমণ করতে যাচ্ছে?
৫. পিতর কীভাবে প্রভু যীশুর সতর্কবাণীর প্রতি প্রতিক্রিয়া প্রকাশ করেন? তিনি যে কারাগারে যেতে অথবা প্রভু যীশুর জন্য মরতে ইচ্ছুক। আপনি কী মনে করেন পিতর প্রভু যীশুর কথায় যে প্রতিক্রিয়া জানিয়েছিলেন তা সত্যি ছিল?
৬. প্রভু যীশু কোন উপায়ে এখানে তাঁর পুনরুত্থানের পর তাঁর শিষ্যদের পরিচর্যা কাজের জন্য প্রস্তুত করছিলেন?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন

আপনি প্রভু যীশুর উদাহরণ অনুসরণ করে অন্যদের সেবা করতে পারেন এমন কিছু কিছু নির্দিষ্ট উপায় কী কী?

---

অগ্রে অবলোকন করা

### প্রয়োগ

আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
– আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
– আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
– আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৪৪: প্রভু যীশুর প্রতি বিশ্বাসঘাতকতা করা হয় এবং তাঁকে গ্রেপ্তার করা হয় (লূক ২২:৪৭–৫৩)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন
– একে অপরের জন্য প্রার্থনা করুন
– আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন
– গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
– আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন
– যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
– যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা
– অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা
প্রভু যীশুর জীবন আসলে তাঁর মৃত্যু নিয়েই। অন্য সবার জন্য, তারা মৃত্যু পর্যন্ত যা করেছে তার সবকিছু নিয়ে তাদের "জীবন" গঠিত। মৃত্যু হল শেষ ঘটনা যা মানুষের জন্য ঘটে এবং তা সাধারণত দু:খের সাথে দেখা হয় কারণ আমরা যাদের ভালোবাসি তাদের আমাদের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে। কিন্তু প্রভু যীশুর ক্ষেত্রে, তাঁর মৃত্যু ছিল তাঁর জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা। প্রভু যীশুর মৃত্যুতে বিশ্বাস করার মাধ্যমে মানুষের পক্ষে ঈশ্বরের সাথে সঠিক হওয়া সম্ভব করেছিল।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. কী মানুষকে তাদের পরিচিতদের সাথে বিশ্বাসঘাতকতা করায় বলে আপনি মনে করেন?
৩. প্রভু যীশু যিহুদাকে কী বলেন? তাঁর কথাগুলি যিহুদার সাথে তাঁর সম্পর্ক কেমন বলে আপনি মনে করেন?
৪. শিষ্যদের প্রতিক্রিয়া কেমন ছিল যখন তাঁরা দেখলেন যে প্রভু যীশু গ্রেপ্তার হতে চলেছেন?
৫. প্রভু যীশু কোন শব্দটি ব্যবহার করে দেখান যে তিনি গ্রেপ্তার হওয়ার জন্য প্রস্তুত?
৬. ধর্মীয় নেতারা রাতে প্রভু যীশুকে ধরতে এসেছিলেন কেন বলে আপনি মনে করেন? কেন আপনি মনে করেন প্রভু যীশু এখানে "অন্ধকারের শক্তি" শব্দটি ব্যবহার করেছেন?

আপনার স্মার্ট ফোনে অংশটি দেখার জন্য এই কোডটি ব্যবহার করুন। জীসাস্ ফিল্ম ওয়েবসাইটে অন্যান্য ভাষাগুলো সচরাচর রয়েছে

### প্রয়োগমূলক প্রশ্ন
যিহুদা অর্থের জন্য প্রভু যীশুর প্রতি বিশ্বাসঘাতকতা করেছিল? এমন কোন পরিমাণের অর্থ আছে যা আপনাকে আপনার বন্ধুর প্রতি বিশ্বাসঘাতকতা করাতে পারে?
আপনার জীবনে কি এমন কিছু আছে যা আপনি প্রভু যীশুর চেয়ে গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করতে প্রলুব্ধ হয়েছেন?

---

অগ্রে অবলোকন করা

### প্রয়োগ
আপনার দলে একসাথে আলোচনা করুন যে আপনি কী বিশ্বাস করেন কিভাবে ঈশ্বর চাইবেন যেন আপনি সাড়া দেন।

একে অপরকে গল্পটি বলার অভ্যাস করুন (ধাপ ২ থেকে)।

আজকের গল্পটি অন্যদের বলুন এবং তাদের আপনার পরবর্তী দলের সময়ে আসতে আমন্ত্রণ করুন।

প্রার্থনা
– আজকে যা শিখেছেন তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।
– আমাদের সম্প্রদায়ের অন্যদের জন্য প্রার্থনা করুন।
– আপনার দলের একে অপরের জন্য প্রার্থনা করুন।

# অংশ ৪৫: প্রভু যীশুকে পিতরের অস্বীকার (লূক ২২:৫৪–৬২)

পূর্বে অবলোকন করা

### একে অপরের যত্ন নিন

– একে অপরের জন্য প্রার্থনা করুন
– আপনার জীবন থেকে ভাগ করুন (স্বাস্থ্য সমস্যা, পরিবার, আর্থিক, আধ্যাত্মিক চাহিদা, খেলাধুলা, ইত্যাদি)

### একসাথে উদযাপন করুন

– গান, যন্ত্র, নাচ বা সাক্ষ্যের সাথে
– আরাধনার সাথে

### আপনার দল এবং একে অপরের কাছে দর্শন ব্যক্ত করুন

– যেন আমরা প্রভু যীশুর আরো ভালো অনুগামী হই
– যেন আমাদের সম্প্রদায়টিকে ঈশ্বরের নিকটে নিয়ে আসা যায়

### দেওয়া এবং ভাগ করা

– অন্যকে সাহায্য করার জন্য ঈশ্বর আপনাকে যা দিয়েছেন তা থেকে বাস্তব কিছু দিন

---

ঊর্ধ্বে অবলোকন করা

### ভূমিকা

আপনি কি কখনো এমন কিছু করেছেন যার জন্য আপনি অনুতপ্ত? এটি আপনাকে কেমন অনুভব করিয়েছিল? আপনি কি লজ্জিত হয়েছিলেন, নিজেকে দোষী মনে হয়েছিল অথবা হয়তো ভীষণ অনুতপ্ত হয়েছিলেন? আপনি কি কাউকে এমন প্রতিশ্রুতি দিয়েছিলেন যা আপনি পালন করতে ব্যর্থ হয়েছিলেন? সেটি আপনাকে কেমন অনুভব করিয়েছিল? এর যে কোন একটি পরিস্থিতিতে, অন্য ব্যক্তি আপনার সম্পর্কে কী চিন্তা করেছিল? এই গল্পটি পিতরের জীবনে এই দুটি বিষয়ই অনুসন্ধান করে: তাঁর বিশ্বাসঘাতকতা এবং তাঁর প্রতিজ্ঞা রাখার ব্যর্থতা।

ধাপ ১: অংশটি দুবার দেখুন।
ধাপ ২: দলের একজন সদস্যকে তার নিজের কথায় অংশটির গল্পটিকে বলতে বলুন।
ধাপ ৩: দলকে গল্পের যে কোনও শূণ্যস্থান পূরণ করতে অথবা কোনও সংশোধন করার অনুমতি দিন।
ধাপ ৪: আলোচনার প্রশ্নাবলী।

১. গল্পটি সম্পর্কে আপনার সবচেয়ে ভালো কী লেগেছিল? কী আপনার মনোযোগ আকর্ষণ করেছিল?
২. কেন আপনি মনে করেন পিতর প্রভু যীশুর সাথে তাঁর পরিচিতি অস্বীকার করেন?
